



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC)'র সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. শাহনাজ আরেফিন. এনডিসি সচিব
সভার তারিখ	১৩ জানুয়ারি ২০২২
সভার সময়	বেলা ২.৩০টা
স্থান	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ (পরিসংখ্যান ভবন, ১১ তলা, ব্লক-এ)
উপস্থিতি	সংযুক্ত

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মো. শাহাবুদ্দিন খান, অতিরিক্ত সচিব (প্রশাসন) সভা আহ্বানের উদ্দেশ্য ও বিষয়বস্তু সকলকে অবহিত করেন এবং আলোচ্যসূচি উপস্থাপনার জন্য সিনিয়র সহকারী সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে অনুরোধ করেন। অতঃপর তিনি ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

২.১ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০১/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর প্রস্তুতকৃত অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন বিশেষজ্ঞ পুল (Expert Pool)-র সভায় ১৩/০১/২০২২ তারিখে পর্যালোচনা করা হয়েছে। বিশেষজ্ঞ পুল কয়েকটি কার্যক্রমের বিষয়ে মতামত অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি আরও জানান যে, প্রস্তুতকৃত অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC)-র সভায় অনুমোদিত হলে প্রত্যেকটি কর্মসম্পাদন সূচকের প্রমাণকসহ অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।

২.২ সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর কার্যক্রম ২.১ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের মূল শুমারি নির্ধারিত তারিখে অনুষ্ঠিত না হওয়ায় পূর্ণ নম্বর অর্জন করা সম্ভব নয় এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। এ বিষয়ে সভায় সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। যেসকল সূচকের মান অর্জিত হয়নি সেসকল সূচকের ক্ষেত্রে যৌক্তিকতাসহ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন APAMS Software-এ যথাসময়ে আপলোডকরণের বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়।

৩.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

(১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন সভায় অনুমোদিত; এবং

(২) নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর অর্ধবার্ষিক অগ্রগতি প্রতিবেদন APAMS Software-এ দাখিলপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৪.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. শাহনাজ আরেফিন, এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২১.১৬.৫৫৬.২১.১৯

তারিখ: ১ মাঘ ১৪২৮

১৫ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) যুগ্ম সচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা এবং অডিট ও সমন্বয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭) উপসচিব, ফাবা অধিশাখা-৩, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৮) সিনিয়র সহকারী সচিব, তথ্য ব্যবস্থাপনা-২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ১০) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১১) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



মোসাঃ কামরুন্নাহার
উপসচিব